দৈনিক

তারিখ ... 6 AUG 2017 ...
পৃষ্ঠা ... ২ ... কলাম ... ৪ ...

# হাজী দানেশে শিক্ষকের বিরুদ্ধে ছাত্রীকে যৌন হয়রানির অভিযোগ

রতন সিং, দিনাজপুর ●
হাজী দানেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের আরেক শিক্ষকের বিরুদ্ধে নিজের ডিপার্টমেন্টের এক ছাত্রীকে মানসিক নির্যাতন ও যৌন হয়রানির অভিযোগ উঠেছে। এ ব্যাপারে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ গঠিত ৩ সদস্যের তদন্ত কমিটি গত ১ আগস্ট প্রতিবেদন জমা দিয়েছে উপাচার্য ড. মু আবুল কাসেমের কাছে।

অভিযোগকারী বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি ও মলিকুলার বায়োলজি ডিপার্টমেন্টের ছাত্রী। বিভাগের চেয়ারম্যান ও তদন্ত কমিটির সদস্য শুকলা রানী দাশ ছাত্রীর অভিযোগের তদন্ত প্রতিবেদন জমা দেওয়ার কথা নিশ্চিত করেছেন। তবে প্রতিবেদনে কী উল্লেখ আছে, তা জানাতে অপারগতা প্রকাশ করে তিনি বলেন, প্রতিবেদন জমা দিয়েছি, পদক্ষেপ যা নেওয়ার কর্তৃপক্ষই নেবে।

এ নিয়ে ওই বিশ্ববিদ্যালয়ের তিন শিক্ষকের বিরুদ্ধে নিজ নিজ বিভাগের ছাত্রীদের মানসিক নির্যাতন ও অনৈতিক কাজে বাধ্য করার অভিযোগ উঠল।

২০১৬ সালের ২২ সেপ্টেম্বর থেকে ২০১৭ সালের ২৪ জুলাই পর্যন্ত ছাত্রীদের ওপর মানসিক নিপীড়ন ও অনৈতিক কাজে বাধ্য করার পর পর ৩টি অভিযোগের পরিপ্রেক্ষিতে দুটি তদন্ত কমিটি গঠন করা হয়। কিন্তু কোনো ঘটনারই প্রতিকার না পাওয়ায় অভিযোগকারীরা নিজেদের নিরাপত্তা নিয়ে উদ্বিগ্ন হয়ে পড়েছেন।

অভিযোগ সূত্র জানায়, গত ২৪ জুলাই বিশ্ববিদ্যালয়ের বায়োকেমিস্ট্রি ও মলিকুলার বায়োলজি ডিপার্টমেন্টের সেমিস্টার-১ এর এক ছাত্রী লিখিতভাবে একই বিভাগের শিক্ষক ড. মো. রমজান আলীর বিরুদ্ধে বিভিন্ন অজুহাতে তাকে অনৈতিক কাজের জন্য চাপ প্রয়োগ করেন। তাতে রাজি না হলে ওই ছাত্রীকে মাস্টার্স ডিগ্রি দেওয়া হবে না বলে সাফ জানিয়ে দেন ওই শিক্ষক। এতে ওই ছাত্রী মানসিকভাবে অসুস্থ হয়ে পড়েন। উপায় না দেখে বাধ্য হয়ে ডিপার্টমেন্টের চেয়ারম্যানের কাছে প্রতিকার চেয়ে লিখিত অভিযোগ করেন।

এ ব্যাপারে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ড. মু আবুল কাসেম জানান, ২০১৬ সালের ২২ সেপ্টেম্বরের ঘটনায় তদন্ত কমিটি গঠন করা হয়েছিল; তখন আমি যোগদান করিনি। তার আগেই তদন্ত কমিটি গঠন এবং রিপোর্ট জমা দেওয়া হয়েছিল। তবে চলতি বছর গত ২৪ জুলাইয়ের ঘটনায় ৩ সদস্যের তদন্ত কমিটি গঠন করা হয়েছে। ৭ কার্যদিবসেই তদন্ত রিপোর্ট জমা দেওয়া হয়েছে। দোষী প্রমাণিত হলে দায়ী ব্যক্তির বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা নেওয়া হবে।

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.............................
তারিখ.............................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর